তারিখ ২১ AUG 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

সংবাদ

বাগেরহাটে

# শ্রেণীকক্ষে ছাত্রীকে যৌন হয়রানি স্কুলশিক্ষক গ্রেফতার

প্রতিনিধি, বাগেরহাট

বাগেরহাট জেলা শহরের সরকারি বালিকা বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীর এক ছাত্রীকে শ্রেণীকক্ষে যৌন হয়রানির অভিযোগে ক্রীড়া শিক্ষক এসএম হাসানুর রহমান জুয়েল (৩৫)কে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল সকাল ১১টার দিকে ওই ছাত্রীর মায়ের অভিযোগ পেয়ে বাগেরহাট মডেল থানার ওসি মিজানুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে তাকে গ্রেফতার করেন। স্কুলের সাধারণ শিক্ষার্থীরা ও তাদের অভিভাবকরা জানান, ক্রীড়া শিক্ষক হাসানুর রহমান জুয়েল বিগত দিনেও স্কুল বন্ধ থাকাকালীন কোচিং করতে আসা মেয়েদের সঙ্গে একাধিকবার এ ধরনের শ্রেণী : পৃষ্ঠা : ২ ক : ৩

শ্রেণী : কক্ষে

(১৬ পৃষ্ঠার পর)

ঘটনা ঘটিয়েছে। কিন্তু অজ্ঞাত কারণে তিনি পার পেয়ে যান। এবার হাতে-নাতে ধরা পড়েছে। তাই এবার দৃষ্টান্তমূলক শাস্তি কামনা করছি। বাগেরহাট মডেল থানার ওসি মিজানুর রহমান জানান, শিক্ষক হাসানুর রহমান শ্রেণীকক্ষে সবার অজান্তে কৌশলে ৬ষ্ঠ শ্রেণীর এক ছাত্রীকে জাপটে ধরে যৌন হয়রানি করে। বিষয়টি জানাজানি হলে ছাত্রীটির মাতা স্কুলের প্রধান শিক্ষককে ও থানায় পৃথকভাবে অভিযোগ দায়ের করেন। আর অভিযোগের সত্যতা পেয়ে দুপুরের দিকে স্কুল থেকেই তাকে গ্রেফতার করা হয়। স্কুলের প্রধান শিক্ষক দীপক রঞ্জন বিশ্বাস ঘটনা স্বীকার করে জানান, স্কুলের শিক্ষক মণ্ডলীদের নিয়ে জরুরি সভা আহ্বান করেছি। এরপর বিষয়টি স্কুল পরিচালনা পর্ষদকে জানানো হবে।